গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০৪৫.১৯/৫২৫৩/১৩ তারিখ: ১৭/০২/২০২০খ্রি.

বিষয়: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী বিভিন্ন অনুষ্ঠান সূচারুরূপে সম্পন্নকরণ।

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১২.২৩.০০৩.১৯.৫৩৪, তারিখ:০৫/১১/২০১৯
(২) শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৬৫.২৩.০০৮.১৯-৩৯২, তারিখ:২৮/১০/২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে অধিদপ্তরাধীন শিক্ষা প্রতিষ্ঠান, ইংরেজী মাধ্যম শিক্ষা প্রতিষ্ঠান ও দপ্তরসমূহে মুজিববর্ষের বিশেষ দিবসগুলো যথাযোগ্য মর্যাদায় পালনের জন্য অনুরোধ করা হলো।

ক্র: নং	বিশেষ তারিখ	কর্মসূচি
০১	১৭ মার্চ ২০২০	১৭ মার্চ ২০২০ তারিখ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে উৎসবমুখর পরিবেশে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন। যেমন: বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ সম্পর্কে আলোচনা অনুষ্ঠান, সাংস্কৃতিক অনুষ্ঠান, দেয়াল পত্রিকা ও স্মরণিকা প্রকাশ, কুইজ, বির্তক প্রতিযোগিতা, কবিতা আবৃত্তি, আনন্দ ভোজ ইত্যাদি।
০২	২৬ মার্চ ২০২০	মহান স্বাধীনতা দিবসে নিয়মিত কর্মসূচির পাশাপাশি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও স্বাধীন বাংলাদেশের অভ্যুদয়ে তাঁর অবদান তুলে ধরে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন।
০৩	৭ জুন ২০২০	ঐতিহাসিক ৬ দফা দিবস পালন উপলক্ষ্যে ৬ দফা, এর প্রেক্ষাপট, প্রণয়ন, ঘোষণা ও বাস্তবায়ন আন্দোলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভূমিকা শিক্ষার্থীসহ সংশ্লিষ্টদের বিভিন্ন আয়োজনের মাধ্যমে তুলে ধরা।
০৪	১৫ আগস্ট ২০২০	যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ।
০৫	১৭ সেপ্টেম্বর ২০২০	শিক্ষা দিবস উদ্‌যাপন ও বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শিক্ষা ভাবনা সম্পর্কে শিক্ষা প্রতিষ্ঠানসমূহের সকল স্তরে সেমিনার ও আলোচনা অনুষ্ঠান আয়োজন করা।
০৬	২৫ সেপ্টেম্বর ২০২০	জাতিসংঘে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক বাংলা ভাষণ প্রদানের তাৎপর্য ও গুরুত্ব তুলে ধরে আলোচনাসহ বিভিন্ন আয়োজন ও ভাষণ প্রচারের ব্যবস্থা।
০৭	৩ নভেম্বর ২০২০	জেল হত্যা দিবস পালন উপলক্ষ্যে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঘনিষ্ট সহচর জাতীয় চার নেতার প্রতি শ্রদ্ধা নিবেদন, তাদের রাজনৈতিক জীবন ও সংগ্রাম এবং আমাদের স্বাধীনতা অর্জন ও স্বাধীনতা পরবর্তী সময়ে যুদ্ধবিধ্বস্ত দেশ পুনর্গঠনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সাথে তাঁদের ঐতিহাসিক রাজনৈতিক কর্মকান্ড নিয়ে বিভিন্ন আয়োজন।
০৮	১৪ ডিসেম্বর ২০২০	শহিদ বুদ্ধিজীবি দিবসে শহিদ বুদ্ধিজীবিগণের প্রতি শ্রদ্ধা নিবেদন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক বুদ্ধিজীবিগণের মূল্যায়ন এবং মুক্তিযুদ্ধে তাঁদের অবদান নিয়ে আলোচনাসহ অন্যান্য অনুষ্ঠান আয়োজন।
০৯	১৬ ডিসেম্বর ২০২০	যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালন ও মহান বিজয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবিসংবাদিত অবদানকে কেন্দ্র করে কর্মসূচি পালন।
১০	১০ জানুয়ারি ২০২১	বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে আলোচনা সভা, সেমিনার ইত্যাদি আয়োজন।
১১	২১ ফেব্রুয়ারি ২০২১	মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপনে ভাষা আন্দোলনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান নিয়ে আলোচনা, প্রকাশনা ইত্যাদি অনুষ্ঠান আয়োজন।
১২	৭ মার্চ ২০২১	ঐতিহাসিক দিবসটি উদ্‌যাপন উপলক্ষ্যে ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচার, ভাষণ প্রতিযোগিতা, আলোচনা অনুষ্ঠানসহ অন্যান্য আয়োজন।
১৩	১৭ মার্চ ২০২১	মুজিব বর্ষের সমাপনী অনুষ্ঠান আয়োজন ও জন্ম শতবার্ষিকীর অঙ্গীকার ব্যক্তকরণ।

উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। এছাড়া উল্লিখিত আয়োজনের পাশাপাশি বিভিন্ন প্রতিষ্ঠান নিজস্ব উদ্যোগে মুজিববর্ষে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মানবাধিকার, উন্নয়ন ভাবনা, দেশপ্রেম সম্পর্কিত সৃজনশীল কার্যক্রম গ্রহণ করতে পারবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো।

১৭.০২.২০২০
প্রফেসর মো: শাহেদুল খবির চৌধুরী
পরিচালক (কলেজ ও প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।

চলমান পাতা-০২

বিতরণ: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়);

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। পরিচালক (মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৩। প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৪। পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ... অঞ্চল (তাঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকির অনুরোধসহ);
০৫। অধ্যক্ষ (সরকারি/বেসরকারি সকল),(পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ)
০৬। অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান (সকল) ইংরেজি মাধ্যম শিক্ষা প্রতিষ্ঠান (পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ);
০৭। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, (সকল) অঞ্চল (তাঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনী তদারকির অনুরোধসহ);
০৮। জেলা শিক্ষা অফিসার (সকল), (তাঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকির অনুরোধসহ);
০৯। প্রধান শিক্ষক (সকল), (পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার অনুরোধসহ);
১০। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), (তাঁর অধিনস্থ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বর্ণিত কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় তদারকি করার অনুরোধসহ);
১১। সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, (মাউশির ওয়েব সাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ);
১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
১৩। সংরক্ষণ নথি।